তারিখঃ09/01/2014

**ভারতের অধিবাসী দ্বারা পরিচালিত অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্ট-যুগ্ম ধারক-উদারীকরণ**

**আরবিআই/2013-2014/437**
**এপি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং. 87**

তারিখঃ জানুয়ারি 09, 2014

বৈদেশিক মুদ্রা ব্যবসার জন্য প্রাধিকৃত সব ব্যাঙ্ক

মহাশয়া/মহাশয়,

**ভারতের অধিবাসী দ্বারা পরিচালিত অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্ট-যুগ্ম ধারক-উদারীকরণ**

সব প্রাধিকৃত ডিলার (এডি) ব্যাঙ্কগুলির মনোযোগ আকর্ষণ করা হচ্ছে সেপ্টেম্বর 15, 2011 তারিখাঙ্কিত এপি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং.12–এর প্রতি যা অনুযায়ী ভারতে অধিবাসীদের অনুমতি দেওয়া হয়েছে অনাবাসী নিকট আত্মীয়/আত্মীয়গণকে ( কোম্পানি আইন, 1956-এর ধারা 6-এ আত্মীয় বলতে যা বোঝায়) তাঁদের অধিবাসী সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্টে "পূর্বতন অথবা উত্তরজীবি" –এর ভিত্তিতে যুক্ত করতে| উক্ত নির্দেশিকা অনুযায়ী এইরূপে অনাবাসী ভারতীয় নিকট আত্মীয়গণ অবশ্য অধিবাসী এ্যাকাউন্টধারীর জীবদ্দশায় এ্যাকাউন্টটি পরিচালনা করতে পারবেন না।

2. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এমন আবেদন পেয়েছে যে কাজ চালানোর সুবিধার জন্য অনাবাসী ভারতীয়গণকে (এনআরআই), মে 3, 2000 তারিখাঙ্কিত ফেমা বিজ্ঞপ্তি নং.5-এর প্রনিয়ম 2(vi)-এর সংজ্ঞা অনুযায়ী, যেন অনুমতি দেওয়া হয় এইরকম এ্যাকাউন্টগুলি চালনা করতে "কোনও একজন বা উত্তরজীবি" ভিত্তিতে। সেই অনুযায়ী, পর্যালোচনার পরে, স্থির হয়েছে যে প্রাধিকৃত ব্যাঙ্কগুলি, (এনআরআই) অনাবাসী ঘনিষ্ঠ আত্মীয়কে (কোম্পানি আইন,1956-এর ধারা 6-এ আত্মীয় বলতে যা বোঝায়) চালু/নতুন অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্টে অধিবাসী এ্যাকাউন্ট ধারকের সঙ্গে যুগ্ম ধারক হিসাবে "কোনও একজন বা উত্তরজীবি" ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে পারে নিম্নলিখিত শর্তগুলির সাপেক্ষেঃ

a. এইরকম এ্যাকাউন্ট অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্ট হিসেবে বিবেচিত হবে সব কারণের জন্য এবং অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্টের সব প্রনিয়মগুলি এক্ষেত্রেও প্রযোজ্য হবে।
b. এনআরআই ঘনিষ্ঠ আত্মীয়ের অধিকারের চেক, লেখ্য, অর্থপ্রেরণ, নগদ,কার্ড অথবা অন্য যে কোনও আর্থিক লাভ এই এ্যাকাউন্টে ক্রেডিট করা যাবে না।
c. এনআরআই ঘনিষ্ঠ আত্মীয় এইরকম এ্যাকাউন্ট চালনা করতে পারবে কেবলমাত্র দেশীয় অর্থপ্রদানের কারণে অধিবাসীর জন্য এবং অধিবাসীর তরফে এবং তা কখনই তার নিজের জন্য কোনও উপকৃতের স্বার্থ তৈরির জন্য নয়।
d. যেখানে এনআরআই ঘনিষ্ঠ আত্মীয় একের বেশি অধিবাসীর সঙ্গে যুগ্ম ধারক হবে, সেক্ষেত্রে এইরকম এনআরআই ঘনিষ্ঠ আত্মীয়কে অবশ্যই সব অধিবাসী ব্যাঙ্ক এ্যাকাউন্ট ধারকদের ঘনিষ্ঠ আত্মীয় হতে হবে।
e. কোনও বিপর্যয়ের জন্য, অনাবাসী এ্যাকাউন্ট ধারক এইরকম এ্যাকাউন্টের উত্তরজীবি হয়ে গেলেন, তাহলে চালু প্রনিয়ন অনুযায়ী এই এ্যাকাউন্টকে অনাবাসী সাধারণ রুপি (NRO) এ্যাকাউন্টের শ্রেণিতে ফেলা হবে।
f. অনাবাসী এ্যাকাউন্ট ধারকের দায়িত্ব হবে প্রাধিকৃত ডিলার (এডি) ব্যাঙ্ককে জানানো এ্যাকাউন্টটিকে এনআরও এ্যাকাউন্টের শ্রেণিভুক্ত করতে এবং এনআরও এ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য সব প্রনিয়মগুলি এখানেও প্রযোজ্য হবে।
g. উপরের যুগ্ম এ্যাকাউন্ট ধারকের সুবিধা সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্ট সহ সব ধরনের অধিবাসী এ্যাকাউন্টে পাওয়া যাবে।

3. এই সুবিধা দেওয়ার সময় এডি ব্যাঙ্ক এইরকম সুবিধার প্রকৃত প্রয়োজন বিষয়ে অবশ্যই নিজে সন্তুষ্ট হবে এবং অনাবাসী এ্যাকাউন্ট ধারক কর্তৃক উপযুক্তভাবে স্বাক্ষরিত নিম্নলিখিত ঘোষণাপত্রটি নিয়ে রাখবেঃ

" আমি এসবি/এফডি/আরডি/কারেন্ট এ্যাকাউন্ট নং..........-এর যুগ্ম এ্যাকাউন্ট ধারক যা আমার নামে এবং শ্রী/শ্রীমতি............এর নামে আছে যিনি আমার.............(সম্পর্ক জানান)। আমি এতদ্বারা শপথ করছি যে বৈদেশিক মুদ্রা পরিচালন আইন (ফেমা) 1999 অথবা তার নিয়ম/প্রনিয়ম এবং রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক সময় সময় জারি করা তৎসম্পর্কিত সার্কুলার/নির্দেশিকা লঙ্ঘন করে কোনও লেনদেনের জন্য এই এ্যাকাউন্টের টাকা আমি ব্যবহার করব না। আমি আরও শপথ করছি যে যদি কোনও লেনদেন ঘটে থাকে বৈদেশিক মুদ্রা পরিচালন আইন (ফেমা) 1999 অথবা তার নিয়ম/প্রনিয়ন লঙ্ঘন করে, আমি তার জন্য দায়ী থাকব। আমার অনাবাসী/অধিবাসী অবস্থানের কোনও পরিবর্তন হলে আমি তা ব্যাঙ্ককে জানাব।"

4. প্রাধিকৃত ডিলার শ্রেণি-1 (অথরাইজড ডিলার ক্যাটেগরি-1)-এর অন্তর্ভুক্ত ব্যাঙ্কগুলি এই সার্কুলারের বিষয় তাদের অন্যান্য অংশে এবং সংশ্লিষ্ট গ্রাহকদের জানাবে।

5. এই সার্কুলারের নির্দেশগুলি জারি করা হয়েছে ফেমা 1999 (1999-এর 42)-এর ধারা 10(4) এবং ধারা 11(1)- এর অধীনে এবং অন্য কোনও আইনের অধীনে অনুমতি/সম্মতির প্রয়োজন হলে তা প্রভাবিত করবে না।

আপনার বিশ্বস্ত,

**(রুদ্র নারায়ন কর)**
**মুখ্য মহাপ্রবন্ধক (দায়িত্ব-প্রাপ্ত)**